

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৩.২০১৬-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ জুলফিকার আলী, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, মোহনপুর, রাজশাহী; পূর্ববর্তী কর্মস্থল বিকরগাছা, যশোর-এ কর্মকালীন(২৭-৬-১৯৯৬ হতে ২২-৯-২০০০ পর্যন্ত) উক্ত কার্যালয়ের ৫% সঞ্চয় তহবিল হতে বেয়ারার চেকের মাধ্যমে উত্তোলিত ৮,০৩২/- টাকা আত্মসাতের অভিযোগে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধান মতে অত্র দপ্তরের ০৮-১১-২০১৬ খ্রিঃ তারিখে ২৯৬ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তিনি আনীত বিভাগীয় অভিযোগের জবাব ঋণীদের এককালীন সঞ্চয়ের উক্ত অর্থ পরিশোধের প্রমান স্বরূপ মাস্টার রোলের কপি এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত ব্যাংক জমার রশিদ দাখিল করেন।

০৩। যেহেতু, বিভাগীয় মামলায় তার লিখিত জবাব, ঋণীদের সঞ্চয়ের অর্থ পরিশোধ, ব্যাংক জমার রশিদ এবং নথি পর্যালোচনায় তাকে চলমান এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এক্ষণে জনাব মোঃ জুলফিকার আলী, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, মোহনপুর, রাজশাহী-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ০২/১১/১৭ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৩.২০১৬- ২৮

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী/যশোর।

০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মোহনপুর, রাজশাহী।

০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মোহনপুর, রাজশাহী/বিকরগাছা, যশোর।

০৭। জনাব মোঃ জুলফিকার আলী, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, মোহনপুর, রাজশাহী।

০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৯। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক(শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯